


যাদুশিল্পী এম এ জলিল এর সংবর্ধনা

অস্ট্রেলিয়া প্রবাসী খ্যাতনামা যাদুশিল্পী এম এ জলিল সম্প্রতি বাংলাদেশ সফর করেন। সে সময় দেশের বিভিন্ন সংগঠন যাদু প্রদর্শনের আয়োজন করে। তিনি ৩টি অনুষ্ঠানে নিজেও যাদু প্রদর্শন করেন। এরমধ্যে স্বাধীনতার ৪০ বছর উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজিত অনুষ্ঠান অন্যতম।

২০শে ডিসেম্বর ২০১১ যাদুর পাঠশালা নামে চট্টগ্রামের একটি সংগঠন চট্টগ্রাম থিয়েটার হলে এম এ জলিল এর সম্মানে একটি জাঁকজমকপূর্ণ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত যাদুশিল্পী সহ প্রচুর দর্শক উপস্থিতি ছিল। ঢাকার প্রায় সকল যাদু সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ অনেক যাদুশিল্পী এম এ জলিল এর অভিনব মেন্টাল ম্যাজিক দেখার জন্য এই অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন।



অনুষ্ঠানে বক্তারা যাদুশিল্পীর উন্নয়নে এম এ জলিল এর অবদানের কথা বারবার উচ্চারণ করেন। বক্তব্য পর্বের পর স্থানীয় যাদুশিল্পী এ্যানি, অসীম এবং ঢাকার যাদুশিল্পী ও যাদুকর পরিষদের সভাপতি ও টেরিটোরিয়াল ভাইস প্রেসিডেন্ট (আই বি এম রিং ২৯৫) এস ইউ শিকদার একটি চমৎকার ফুলের ম্যাজিক দেখান। অসীমের ম্যাজিক দর্শকদের প্রচুর আনন্দ দিয়েছে। নতুন ম্যাজিশিয়ান হিসেবে এ্যানির প্রদর্শনী ছিল সত্যিই চমৎকার।



সবশেষে সন্ন্যাসী বেশে মঞ্চে আবির্ভূত হন যাদুশিল্পী এম এ জলিল। তাঁর মনমুগ্ধকর অভিনব মেন্টাল ম্যাজিক দেখে উপস্থিত দর্শকরা বিমোহিত হন।

অনুষ্ঠানের শেষে তাকে দেওয়া ফুলের তোড়াটি এম এ জলিল চট্টগ্রামের প্রধান যাদুব্যক্তিত্ব অজর যাদুশিল্পী নজির আহমেদের হাতে তুলে দিয়ে নিজের গলার নেকটাই খুলে তার গলায় পরিয়ে দেন। এছাড়াও তিনি অনুষ্ঠানে যাদুশিল্পী রিপন, অসীম, ইকবাল ও মাইনুল ইসলামকে আধুনিক যাদু উপহার দেন।

অনুষ্ঠানটির সফল আয়োজক যাদুর পাঠশালা'র কর্ণধার ম্যাজিসিয়ান রিপন। অনুষ্ঠানটি অত্যন্ত চমৎকার ভাবে উপস্থাপনা করেন যাদুশিল্পী সায়মন।